



কেয়ারিং মাইন্ডস আয়োজিত 'সাফার টু সফর : স্পেশাল নিডস সেনসিটাইজেশন' কর্মশালা অনুষ্ঠিত হল কলকাতা বিমানবন্দরে। সাইকো থেরাপিস্ট এবং কাউন্সিলর মিনু বুখিয়াকে (কেয়ারিং মাইন্ডস, আই ক্যান ফ্লাই, কাফে আই ক্যান ফ্লাই) স্বাগত জানাচ্ছেন এএআই-এর ডিরেক্টর সি পট্টভি।



৩০ জ্যৈষ্ঠ ১৪৩০ বুধবার ১৪ জুন ২০২৩ শহর সংস্করণ

এই শহর/শহরহাসি/দেশ

\*\*\* ১১

# ‘সাফার’ থেকে ‘সুহানা সফর’

এই সময়: কষ্ট থেকে আনন্দের যাত্রা। দুর্ভোগের পরিবর্তে বিশেষ চাহিদাসম্পন্নদের বিমান ভ্রমণকে ‘সুহানা সফর’ করতে কলকাতা এয়ারপোর্টে বিশেষ কর্মশালার আয়োজন করলেন এক ‘বিশেষ মা’। বিমানে ভ্রমণরত বিশেষ চাহিদাসম্পন্নরা যে সব বাধার সম্মুখীন হন, সে সম্পর্কে বিমানবন্দরের কর্মকর্তা, কর্মচারী এবং বিভিন্ন এয়ারলাইন্সের কর্মীদের দৃষ্টি আকর্ষণ করায় উদ্যোগী হয়েছিল কেয়ারিং মাইন্ডস ও এয়ারপোর্ট অথরিটি অফ ইন্ডিয়া। এই শিবির পরিচালনা করেন বিশেষ চাহিদা সম্পন্ন কন্যা প্রাচী’র মা এবং কেয়ারিং মাইন্ডস (ওপিডি মানসিক স্বাস্থ্য ক্লিনিক) সংস্থার প্রতিষ্ঠাতা-পরিচালক সাইকোথেরাপিস্ট মিনু বুধিয়া।

মিনু বলেন, ‘যাঁদের ছইলচেয়ার প্রয়োজন, শুধু সেই সব যাত্রীদের জন্যে নয়, মানসিক প্রতিবন্ধকতা রয়েছে, এমন ব্যক্তিদের জন্যেও বিশেষ সহায়তা কেন্দ্র গড়া দরকার। সব বিমানবন্দর ও এয়ারলাইন্সে যুক্ত কর্মকর্তা এবং কর্মীদের সচেতনতা দরকার। কিছু মানসিক চ্যালেঞ্জ সব সময়ে চোখে পড়ে না। এক জন বিশেষ চাহিদাসম্পন্ন যাত্রীকে চিহ্নিত করা মুশকিল হয়। সচেতনতা খুব জরুরি।’ এএআই-র নির্দেশক সি পাস্তাভি’র বক্তব্য, এটি একটি চমৎকার উদ্যোগ।

# একদিন

এগিয়ে চলার সঙ্গী

কলকাতা ১৩ জুন ২০২৩ ২৯ জ্যৈষ্ঠ ১৪৩০ মঙ্গলবার সপ্তদশ বর্ষ ৩ সংখ্যা | Kolkata, 13.6.2023, Vol.17, Issue No.3, 8 Pages, |

EKDIN, KOLKATA, 13 JUNE 2023, PAGE 2

২ একদিন

বিবিধ

কলকাতা, ১৩ জুন, ২০২৩

## এএআই এবং কেয়ারিং মাইন্ডসের তরফে কর্মশালা দমদম বিমানবন্দরে

নিজস্ব প্রতিবেদন,  
কলকাতা: এয়ারপোর্টস  
অথরিটি অফ ইন্ডিয়া  
সহযোগিতায় কেয়ারিং  
মাইন্ডস কলকাতা  
বিমানবন্দরে একটি  
সংবেদনশীল কর্মশালার  
আয়োজন করে। এই



কর্মশালায় বিমানবন্দর কর্তৃপক্ষ এবং স্টাফদের পাশাপাশি  
বিভিন্ন এয়ারলাইন্স কর্মকর্তাদের ফ্লাইটে বিশেষ চাহিদা  
সম্পন্ন ব্যক্তি এবং তাঁদের পরিবারের সদস্যদের কী ভাবে  
সামাল দেওয়া উচিত তা নিয়ে বিশেষ পারদর্শিতা থাকা  
প্রয়োজন বলে মনে করেন কেয়ারিং মাইন্ডস এবং আই  
ক্যান ফ্লাই-এর প্রতিষ্ঠাতা এবং পরিচালক মনোচিকিৎসক  
মিনু বুধিয়া। এদিনের এই কর্মশালা প্রসঙ্গে এয়ারপোর্ট  
অথরিটি অফ ইন্ডিয়া তরফ থেকে সি. পাত্তাভি জানান,  
'এটি একটি চমৎকার উদ্যোগ এবং এই উদ্ভাবনী  
কর্মশালাটির জন্য মনোচিকিৎসক মিনু বুধিয়াকে  
অভিনন্দনও জানান।